ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৭৪

আগরতলা, ৪ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদ ভিত্তিহীন**

"পথ শিশুদের নিরাপত্তা প্রদানে ব্যর্থ শিশু সুরক্ষা কমিশন” এই শিরোনামে স্যান্দন পত্রিকায় গত ২৬ অক্টোবর, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের (TCPCR) নজরে এসেছে। কমিশনের ভূমিকা নিয়ে বিভ্রান্তিকর তথ্য–সংক্রান্ত প্রতিবেদনের প্রেক্ষিতে, কর্তৃপক্ষের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, উক্ত সংবাদ সম্পূর্ণ ভিত্তিহীন, বিভ্রান্তিকর এবং বাস্তবতার সঙ্গে অসঙ্গত। বিভিন্ন সময়ে বিপদাপন্ন পথশিশু ও পরিত্যক্ত শিশুদের উদ্ধারে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশন, জেলা ও মহকুমা প্রশাসন, পুলিশ, শ্রম দপ্তর ও সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সঙ্গে যৌথভাবে অভিযান পরিচালনা করে। উদ্ধারকৃত শিশুদের স্বাস্থ্য পরীক্ষা, মানসিক পরামর্শ, আইনগত সহায়তা ও নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা করা হয়। পরবর্তীতে তাদের পুনর্বাসনের জন্য নিবন্ধিত শিশু গৃহ, বিশেষ প্রশিক্ষণ কেন্দ্র, শিক্ষা সংযুক্তিকরণ ও দক্ষতা উন্নয়ন প্রকল্পের মাধ্যমে মূল ধারায় ফিরিয়ে আনার পদক্ষেপ নেওয়া হয়। চাইল্ড হেল্পলাইন (১০৯৮) তাৎক্ষণিক উদ্ধার কার্যক্রম পরিচালনা করে এবং ডিস্ট্রিক্ট চাইল্ড প্রটেকশন ইউনিট শিশুদের পুনর্বাসন প্রক্রিয়া তদারকি করে। চাইল্ড ওয়েলফেয়ার কমিটি আইনগত তত্ত্বাবধান, সুরক্ষা আদেশ ও পুনর্বাসন পরিকল্পনা অনুমোদন করে। পাশাপাশি মানব পাচার প্রতিরোধ, শিশুশ্রম নিরসন ও সচেতনতা বৃদ্ধিতে কমিশন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। কমিশন সামগ্রিক নীতি গ্রহণ, তদারকি ও বিভিন্ন দপ্তরে DCPU & CWC সঙ্গে সমন্বয় করে পথ শিশু সনাক্তকরণ, উদ্ধার, নিরাপদ আশ্রযে, সহ সামগ্রিক সূরক্ষা সুনিশ্চিত করতে রাখার নির্দেশ প্রদান করে যাতে কোনো শিশুই অবহেলিত না থাকে এবং তাদের সুন্দর ভবিষ্যৎ গড়ে ওঠে। তাছাড়া কমিশন বাল্যবিবাহ প্রতিরোধ, শিশু বিক্রি প্রতিরোধ ও POCSO আইনের যথাযথ বাস্তবায়নে সর্বদা সক্রিয়ভাবে কাজ করছে। কমিশন সর্বদা শিশুদের অধিকার, সুরক্ষা ও কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ।

*******